অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
ডায়েরী নং- ৪১৫
তারিখ: ০২.০৪.১৬
উপসচিব (সুশাসন ও অভিঃ প্রতিকার ব্যবস্থাপনা)
উপসচিব (প্রঃ সংস্কার ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
উপসচিব (ই-গভর্নেন্স)
ব্যক্তিগত কর্মকর্তা
স্বাক্ষর

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(আইসিটি শাখা)
www.jhalakathi.gov.bd

স্মারক নং ০৫.১০.৪২০০.০০৮.০১.০১৯.১৫- ২১৬(২)

তারিখ: ১৭ চৈত্র ১৪২২
৩১ মার্চ ২০১৬

বিষয় ঃ উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণ

সূত্র ঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫.৬৭ নং পত্র
(২) মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ নং প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার ইনোভেশন টিম গঠন এবং জেলা প্রশাসন, ঝালকাঠির উদ্ভাবন কর্মপরিকল্পনা (১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০১৬) প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়িত হলে জনকল্যাণ ও উন্নয়নমুখী তথ্য-প্রযুক্তিনির্ভর সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সম্ভব হবে। তাছাড়া অল্প সময়ে, স্বল্প ব্যয়ে ও স্বল্প যাতায়াতে সেবা সম্প্রসারিত হবে মর্মে সুদৃঢ়ভাবে আশা করা যায়।

০২। বর্ণিতাবস্থায়, প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতি ও অনুমোদনের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি :১. উদ্ভাবন কর্মপরিকল্পনা ৬(ছয়) পাতা

মোঃ মিজানুল হক চৌধুরী
জেলা প্রশাসক
ঝালকাঠি
dcjhalokati@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সংস্কার)]

সদয় অবগতির জন্য অনুলিপি (ই-মেইলে সফটকপি ও পত্রের সংগে হার্ডকপি কর্মপরিকল্পনা) প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৩। অফিস নথি

৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা 2016 DC office, Jhalokathi

| ক্রমিক | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ৩.১.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | নাগরিক সেবা প্রদান সহজ হবে | গৃহীত পরিকল্পনা |
| ৩.১.২ | মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম সহজীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও শিক্ষা) | ছাত্র/ছাত্রীরা সহজে তাদের উপবৃত্তির টাকা হাতে পাবে | উপবৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা |
| ৩.১.৩ | বয়স্ক ভাতা কার্যক্রম সহজীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | বয়স্কভাতা গ্রহীতারা সহজে তাদের বয়স্ক ভাতার টাকা হাতে পাবে | বয়স্কভাতা প্রাপ্ত নারী/পুরুষের সংখ্যা |
| ৩.১.৪ | ল্যান্ড ইনফো সেন্টার | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩০ মে ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | ল্যান্ড ইনফো সেন্টারের মাধ্যমে সাধারণ মানুষ স্বল্প সময়ে এবং ভোগান্তিমুক্ত ভাবে তাদের চাহিত সেবা সমূহ পাবে | সেবাগ্রহীতার সংখ্যা |
| ৩.১.৫ | বেকারমুক্ত গ্রাম সৃজন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | গ্রাম নির্বাচন পূর্বক বেকার যুব/মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি | নির্বাচিত গ্রামের সংখ্যা এবং প্রশিক্ষণপ্রাপ্ত যুব/মহিলাদের সংখ্যা |
| ৩.১.৬ | ফসলের শ্রেণী অনুযায়ী কৃষকের ডাটা বেইজ তৈরি | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | কৃষকের ফসলের কথা বিবেচনা করে ডাটাবেইজ অনুসারে কৃষককে সময়মত পরামর্শ প্রদান | ডাটাবেইজকৃত সুবিধাভোগি কৃষকের তালিকা |
| ৩.১.৭ | সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমকে উপজেলা পরিবর্তে ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ আইসিটি/ রাজস্ব) | ইউনিয়ন নির্বাচন পূর্বক পুরুষ এবং মহিলাদের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি | নির্বাচিত ইউনিয়নের সংখ্যা এবং প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ মহিলাদের সংখ্যা |

Inno Team Action Plan 2016

DC office, Jhalokathi

| ক্র:নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ৩.১.৮ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেসবুক পেইজ/ওয়েব পোর্টাল এ উদ্ভাবন আইডিয়া আহবান | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | উদ্ভাবন পরিকল্পনায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত হওয়ার মাধ্যমে সেবা গ্রহীতার প্রত্যাশা পূরণ সহজ হবে | উদ্ভাবন আইডিয়া আহবান |
| ৩.১.৯ | জেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত বিভিন্ন গ্রুপ তৈরি করে প্রয়োজনীয় গ্রুপ এস.এম.এস প্রেরণের ব্যবস্থাকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | স্বল্প সময়ে,স্বল্প ব্যয়ে ও বিনা যাতায়াতে কার্যকর যোগাযোগ নিশ্চিত হবে | প্রেরিত এস.এম.এস এর সংখ্যা |
| ৩.১.১০ | ঝালকাঠি জেলা প্রশাসন:নোটিশ/ **Jhalakathi District Administration: Notice** ফেইসবুক গ্রুপ পেইজ তৈরীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | স্বল্পসময়ে,স্বল্প ব্যয়ে নোটিশ প্রদান নিশ্চিত হবে | প্রদত্ত নোটিশ সংখ্যা |
| ৩.১.১১ | ঝালকাঠি জেলা প্রশাসন: সংবাদ/ **Jhalakathi District Administration: News** ফেইসবুক গ্রুপ পেইজ তৈরীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | এই গ্রুপের মাধ্যমে জনগণ ও জেলা প্রশাসন গুরুত্বপূর্ণ সংবাদ প্রদান করতে সক্ষম হবে | পোষ্টকৃত সংবাদের সংখ্যা |
| ৩.১.১২ | জেলা প্রশাসনের ওয়েব সাইটের মাধ্যমে জেলা ম্যাজিস্ট্রেসির মামলার তথ্য অবহিতকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান মামলার হালনাগাদ তথ্য জানতে পাবেন | তথ্য প্রদানকৃত মামলার সংখ্যা |
| ৩.১.১৩ | ভিডিও কনফারেন্স | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | সরাসরি যোগাযোগ ও কার্যক্রম সম্পর্কে দ্রুত অবহিত করণ সম্ভব হবে | ভিডিও কনফারেন্সের সংখ্যা |
| ৩.১.১৪ | সিসিটিভি স্থাপন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | অফিসের নিরাপত্তা সুসংহত হবে এবং সেবার মান উন্নত হবে | সক্রিয় সিসিটিভি |
| ৩.১.১৫ | ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি) | কার্যক্রম অবহিতকরণ সম্পন্ন হবে | প্রকাশিত প্রতিবেদন |

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# জেলা প্রশাসন ঝালকাঠি এর উদ্ভাবন কর্মপরিকল্পনা

জেলা ইনোভেশন টিম

## জেলা প্রশাসন
## ঝালকাঠি

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# জেলা প্রশাসন ঝালকাঠি এর
# উদ্ভাবন কর্মপরিকল্পনা

১.ভূমিকা

আধুনিক জনমুখী নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ন। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মুল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপোযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে আমরা স্বাগত জানাই। সরকাররের এ কর্মপরিকল্পনার সাথে জেলা প্রশাসন ঝালকাঠিও অত্যন্ত আন্তরিকতার সাথে একাত্মতা ঘোষণা করছে। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদানে ঝালকাঠি জেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরুপঃ

২.১ রুপকল্প (Vision)

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর ডিজিটাল ঝালকাঠি

২.২ অভিলক্ষ (Mission)

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২০ সালের মধ্যে ঝালকাঠি জেলা প্রশাসনের জনকল্যান ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ,স্বচ্ছ,জবাবদিহিমূলক ভাবে জনগণের দোড়গোড়ায় পৌছে দেওয়া।

৩. উদ্বাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- স্বল্প সময়ে সেবা প্রদান
- সেবা গ্রহণে ব্যয় লাঘব
- সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই
- সেবায় নাগরিকের ভোগান্তি লাঘব
- সেবা গ্রহীতা ও সেবাপ্রদানকারীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন
- সহজ সেবা প্রক্রিয়া
- জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবা সমূহ জনগণের দোগোড়ায় পৌছানো
- জনকল্যাণ ও উন্নয়নমুখী জেলা প্রশাসন ব্যবস্থাপনা বাস্তবায়ন

৪. কর্মমূল্যায়ন 'ছক'

| ক্রঃ নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ৪.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ণ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ণ | না=০ ; হ্যা=১০ |
| ৪.২ | মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম সহজীকরণ | উপবৃত্তি প্রদানকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা | ১ জনের জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ-১০ |
| ৪.৩ | বয়স্ক ভাতা কার্যক্রম সহজীকরণ | বয়স্কভাতা প্রাপ্ত নারী/পুরুষের সংখ্যা | ১জনের জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ-১০ |
| ৪.৪ | ল্যান্ড ইনফো সেন্টার | সেবাগ্রহীতার সংখ্যা | ১জনের জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ-১০ |
| ৪.৫ | বেকারমুক্ত গ্রাম সৃজন | নির্বাচিত গ্রামের সংখ্যা এবং প্রশিক্ষণপ্রাপ্ত যুব/মহিলাদের সংখ্যা | প্রতিটি গ্রামের জন্য ১ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.৬ | ফসলের শ্রেণী অনুযায়ী কৃষকের ডাটা বেইজ তৈরি | ডাটাবেইজকৃত সুবিধাভোগি কৃষকের সংখ্যা | সেবা গ্রহণকারী কৃষকের জন্য ০.০৫ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.৭ | সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমকে উপজেলা পরিবর্তে ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান | নির্বাচিত ইউনিয়নের সংখ্যা এবং প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ মহিলাদের সংখ্যা | প্রতিটির জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.৮ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেসবুক পেইজ/ওয়েব পোর্টাল এ উদ্ভাবন আইডিয়া আহবান | উদ্ভাবন আইডিয়া আহবান | না=০ ; হ্যা=০৫ |
| ৪.৯ | জেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত বিভিন্ন গ্রুপ তৈরি করে প্রয়োজনীয় গ্রুপ এস.এম.এস প্রেরণের ব্যবস্থাকরণ | প্রেরিত এস.এম.এস এর সংখ্যা | প্রতিটি এস এম এস এর জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.১০ | ঝালকাঠি জেলা প্রশাসন:নোটিশ/ **Jhalakathi District Administration: Notice** ফেইসবুক গ্রুপ পেইজ তৈরীকরণ | প্রদত্ত নোটিশ সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.১১ | ঝালকাঠি জেলা প্রশাসনঃ সংবাদ/ **Jhalakathi District Administration: News** ফেইসবুক গ্রুপ পেইজ তৈরীকরণ | পোষ্টকৃত সংবাদ সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.১২ | জেলা প্রশাসনের ওয়েব সাইটের মাধ্যমে জেলা ম্যাজিস্ট্রেসির মামলার তথ্য অবহিতকরণ | তথ্য প্রদানকৃত মামলার সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ-১০ |
| ৪.১৩ | ভিডিও কনফারেন্স | ভিডিও কনফারেন্সের সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ-০৫ |
| ৪.১৪ | সিসিটিভি স্থাপন | সিসিটিভি সচল রাখা | না=০ ; হ্যা=০৫ |
| ৪.১৫ | ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন | বাৎসরিক প্রতিবেদন স্বীয় ওয়েবসাইটে প্রকাশিত<br>৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের বাৎসরিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | না=০ ; হ্যা=১০ |

৫. সামগ্রিক মূল্যায়ন

বর্নিত কর্মমূল্যায়নের বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্ধ করা হয়েছে। এর মধ্যে থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ঝালকাঠি ইনোভেশন টিমে কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদন্ড হবে নিম্নরুপঃ

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণী |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০ এর নিম্নে | দুর্বল |

বাংলাদেশ জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার টেকসই সংস্কৃতির সূচনা করার ক্ষেত্রে ঝালকাঠি ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপি সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন ও বাস্তবায়ন প্রয়োজন। এ ছাড়া, ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

প্রণীত এই উদ্ভাবন কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি ঝালকাঠি জেলা প্রশাসন ও ঝালকাঠি জেলার ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ঝালকাঠি ইনোভেশন টিম ও ঝালকাঠি জেলা প্রশাসন সুদৃঢ়ভাবে আশাবাদী ও প্রতিশ্রুতিবদ্ধ।

মোঃ মিজানুল হক চৌধুরী
জেলা প্রশাসক
ঝালকাঠি